

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.২৬.০২৬.২০১৫-৪০

তারিখঃ ২০ পৌষ ১৪২২  
০৩ জানুয়ারি, ২০১৫

বিষয় : JICA'র অর্থায়নে বাস্তবায়িতব্য UGDP এর আওতায় প্রথম পর্যায়ে ১০০ টি উপজেলা পরিষদ  
নির্ধারণের লক্ষ্যে সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে ।


সূত্র : JICA/(LO)1321/2015 ; তারিখ : ১৭-১২-২০১৫ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০১৬-২০১৭ অর্থবছর হ'তে বাস্তবায়িতব্য "Upazila Governance and Development Project (UGDP)" প্রকল্পে অংশগ্রহণের জন্য দেশের সকল উপজেলা পরিষদের পারফরমেন্স এসেসমেন্ট বা সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনা করা হবে। এ লক্ষ্যে JICA'র সাথে আজিজ হালিম খায়ের চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম, "বায়তুল মেসবাহ" ভবন নং- ২, হাউস নং-৭৯, রোড নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা'র সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী উক্ত ফার্ম নির্ধারিত তথ্যের ভিত্তিতে প্রতিটি উপজেলা পরিষদের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে প্রথম পর্যায়ে ১০০টি উপজেলা নির্বাচন করবে।

Special Assistance for Project Implementation (SAPI) কর্তৃক প্রণীত এবং এ বিভাগ কর্তৃক অনুমোদিত Performance Assessment Form এ সাথে প্রেরণ করা হলো ।

সকল উপজেলা পরিষদের Performance Assessment কার্যক্রম সৃষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে "আজিজ হালিম খায়ের চৌধুরী" চার্টার্ড একাউন্টেন্ট ফার্মের তথ্য সংগ্রহকারী সদস্যদের সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তি : বর্ণনামতে.....ফর্দ ।

  
০৬/০১/১৫  
লুৎফুন নাহার

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

বিতরণ :

১. জেলা প্রশাসক (সকল)..... জেলা ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)..... উপজেলা পরিষদ,..... জেলা ।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... উপজেলা..... জেলা ।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৬. টিম লিডার, SAPI, JICA, বাংলাদেশ ।

